



জুলাইয়ের মামলায় নতুন পিডব্লিউ, ডিসি আশিসের বিরুদ্ধে অভিযোগ



ডিসি আশিস। ছবি: সংগৃহীত

ঢাকার মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপ-পুলিশ কমিশনার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান জুলাই বিপ্লবের মামলায় আসামিদের নতুন করে পিডব্লিউ বা নতুন মামলা দেখানোর কাজ করছেন বলে অভিযোগ উঠেছে। প্রবাসী সাংবাদিক জাওয়াদ নির্ব্বরের এক ফেসবুক পোস্টে এই তথ্য উঠে এসেছে। তিনি লিখেন, যারা টাকা দিতে পারেন, তাদেরকে নতুন মামলা থেকে রক্ষা করা হয়। কিন্তু মিথ্যা বা রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত মামলায় নাম কাটাতে হলে এই ডিসি আশিসের সঙ্গে মানিয়ে চলতে হয়। প্রকৃত অপরাধীদের ক্ষেত্রে নিয়মিত জামিন পাওয়া গেলেও অনেক নিরপরাধ মানুষকে ধারাবাহিকভাবে নতুন মামলায় অন্তর্ভুক্ত করা হচ্ছে বলে অভিযোগ। সম্প্রতি এক ব্যবসায়ীকে মিথ্যা মামলার কারণে আটক করা হলেও পুলিশের উচ্চপর্যায়ের নির্দেশ থাকা সত্ত্বেও তাকে জুলাই আন্দোলনের আরও চার-পাঁচটি মামলায় যুক্ত করা হয়েছে। এই পদ্ধতিতে প্রকৃত অপরাধীদের ছাড় দিয়ে, যাদের বিরুদ্ধে মিথ্যা মামলা হয়েছে তাদেরকে টার্গেট করে নতুন মামলা দেওয়া হচ্ছে। যাত্রাবাড়ী, শাহবাগ, খিলাগাও, মিরপুরসহ বিভিন্ন এলাকায় একই ব্যক্তিকে একই সময়ে একাধিক মামলায় আসামি করা হয়েছে। কেউ জামিন পেলেও নতুন মামলায় তাকে আটক রাখা হয়েছে। উল্লেখ্য, উক্ত ব্যক্তি কোনো রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িত নন এবং ব্যবসায়িক দ্বন্দ্বের কারণে গত ১৪ মাস জেলে ছিলেন। ২০২৩ সালের ৭ নভেম্বর এই ডিসি আশিসকে আওয়ামী লীগ সরকারের সময়ে পদোন্নতি দেওয়া হয়। খুলনায় ছাত্র ও সাধারণ জনতার আন্দোলন দমনেও তিনি সক্রিয় ছিলেন।